গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

**ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি সদরপুর ফরিদপুর'র সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | : বেলা ০৩.০০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ২৭/০৭/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য সদস্য-সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুরকে অনুরোধ জানানো হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**০২. ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহে অতি দুর্গম চর/দ্বীপ এলাকা, নদী ভাঙ্গন কবলিত জনপদে (Enumerator) সংখ্যা বৃদ্ধি, মনোনীত গণণাকারীদের কর্মএলাকা বিভাজন ও তথ্য সংগ্রহ পরিকল্পনা-**

সভায় জানানো হয় যে অত্র উপজেলায় ০৯ (নয়) টি ইউনিয়নের মধ্যে দিয়াড়া নারকেল বাড়িয়া মাঝ পদ্মার একটি দুর্গম দ্বীপ ইউনিয়ন স্থালপথের সংযোগহীন এখানে পৌঁছাতে নৌ-পথে ৩-৪ ঘন্টা সময় প্রয়োজন। চরমানাইর ইউনিয়নে স্থল পথে যেতে প্বার্শবর্তী মাদারীপুর জেলার শিবচর উপজেলার পাচ্চর ঘুরে গেলে দূরত্ব প্রায় ৬০-৬৫ কিলোমিটার, চরনাছিরপুর পদ্মা ও আড়িয়াল খা নদী বেষ্টিত স্থলের সাথে সংযোগ বিহীন, কাড়ালকান্দি চর ও অতিদুর্গম এলাকা; এছাড়া ভাষানচর, আকোটেরচর, চরবিষ্ণুপুর, ঢেউখালী এলাকা গুলো অতি নদী ভাঙ্গন কবলিত অঞ্চল হওয়ায় বর্ষা মৌসুমে পদ্মা নদীর অতিপ্রবল স্রোত, দুর্যোগময় উত্তাল নদী, বন্যা, অতিবৃষ্টি ইত্যাদি প্রাকৃতিক কারণে এপ্রিল হতে সেপ্টেম্বর সময়ে যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত নাজুক থাকে। এসব চর-অঞ্চলের বড় সংখ্যক মানুষ, পরিবারসহ নদী ভাঙ্গনে ঘরবাড়ি হারিয়ে প্বার্শবর্তী ০৫ (পাঁচ) টি উপজেলা- দোহার, শ্রীনগর, শিবালয়, শিবচর, চরভদ্রাসন এলাকায় স্থানান্তরে বাধ্য হয়েছেন। বর্ষা মৌসুমে অনেকে বন্যার কারনেও অভ্যন্তরীন স্থানান্তরে বাধ্য হোন। পদ্মা ও আড়িয়াল খাঁ'র মত দুটি বড় ও খরস্রোতা নদী এ জনপদের মানুষের জীবন ও জীবিকার সাথে ওতপ্রোতভাবে জড়িত। ফ্যামিলি কার্ড সরকারের একটি অন্যতম জনপ্রিয় কর্মসূচি হওয়ায় প্রান্তিক এ জনপদের সর্বসাধারণের মাঝে তুমুল আগ্রহের বিষয় বিধায় দুর্গম এলাকা হিসেবে **ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ** কার্যক্রমে এ উপজেলা উর্ধ্বতন কর্তৃপক্ষের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে বলে সভায় আলোচনা হয়। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **অতি দুর্গম চর/ দ্বীপ এলাকা, নদী ভাঙ্গন কবলিত জনপদে (Enumerator) সংখ্যা বৃদ্ধি:**<br>সদস্য সচিব সভায় জানান যে, অত্র উপজেলায় ৫৪১৬৮ খানার বিপরীতে ৭৩ জন তথ্য সংগ্রহকারী এবং ০৬ জন সুপারভাইজার মূল দায়িত্বে নিয়োজিতকরণের জন্য জনবল বিভাজন পাওয়া যায়। এছাড়া ০৮ জন তথ্য সংগ্রহকারী এবং ০১ জন সুপারভাইজারকে সংরক্ষণে রেখে জরিপকার্য পরিচালনার ক্ষেত্রে অতিদুর্গম ইউনিয়ন বিশেষকরে চর, নদী ভাঙ্গন কবলিত জনপদে এই বর্ষা মৌসুমে সঠিকভাবে বাড়িতে বাড়িতে গিয়ে তথ্য সংগ্রহ বেশ চ্যালেঞ্জিং হবে তথাপি স্থল জনপদ এবং নদী অঞ্চলের যোগাযোগ ব্যবস্থাও একই ধরণের নয়। ফলে খানার সংখ্যার ভিত্তিতে **(Enumerator) সংখ্যা** বিভাজন, এ অঞ্চলের ভৌগলিক পরিস্থিতি ও বাস্তবতার নিরিখে চিত্রিত হয়েছে বলে প্রতীয়মান হয়না। সভায় কমিটির সদস্য ও পরিসংখ্যান কর্মকর্তা জানান যে দুর্গম চর এলাকার জন্য অবশ্যই স্থলের তুলনায় বাড়তি জনবল নিযুক্ত করা সমীচীন; অন্যথায় বিগত জনশুমারি ও অর্থনৈতিক শুমারিতে এ অঞ্চলের গণণকারীদের অতিরিক্ত শ্রম ও সময় লেগেছে, ফলে সর্বক্ষেত্রেই ভৌগলিক ও প্রাকৃতিক অবস্থা আমলে নিয়েই গণণাকারীর সংখ্যা বিভাজন আবশ্যক। | ০১. সভায় নদী ভাঙ্গন কবলিত দুর্গম চর ও দ্বীপ ইউনিয়নের ক্ষেত্রে খানার সংখ্যার পাশাপাশি ভৌগলিক অবস্থার নিরিখে অতিরিক্ত ০৮ আট জন তথ্য সংগ্রহকারী এবং ০২ জন সুপারভাইজার মূল দায়িত্বে নিয়োজিতকরণের জন্য অতিরিক্ত **(Enumerator) বা গণণকারী** বরাদ্দ ও মঞ্জুরের বিষয়ে চাহিদা প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদরপুর ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | সভায় কমিটির সদস্য ও পরিসংখ্যান কর্মকর্তা জানান যে দুর্গম চর এলাকার জন্য অবশ্যই স্থলের তুলনায় বাড়তি জনবল নিযুক্ত করা সমীচীন; অন্যথায় বিগত জনশুমারি ও অর্থনৈতিক শুমারিতে এ অঞ্চলের গণণকারীদের অতিরিক্ত শ্রম ও সময় লেগেছে, ফলে সর্বক্ষেত্রেই ভৌগলিক ও প্রাকৃতিক অবস্থা আমলে নিয়েই গণণাকারীর সংখ্যা বিভাজন আবশ্যক। সভায় অন্যান্য সদস্যগণও চর ও নদী বেষ্টিত ইউনিয়নগুলোর জন্য অতিরিক্ত **(Enumerator)** বা গণণাকারী নিয়োজনের নিমিত্ত চাহিদা প্রস্তাব প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় এ বিষয়ে নিম্নোক্তভাবে প্রস্তাব প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |

| ক্রম | ইউনিয়নের নাম | খানা সংখ্যা | রিজার্ভসহ তথ্য সংগ্রহকারী | অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|---|
| ০১ | আকোটের চর | ৬৬২১ | ১০ | - |
| ০২ | ভাষাণচর | ৭৪৫৯ | ১১ | ১ |
| ০৩ | চর বিষ্ণুপুর | ৬৩৩২ | ৯ | - |
| ০৪ | চর মানাইর | ৩৬৪৩ | ৬ | ১ |
| ০৫ | চর নাসিরপুর | ২৩২৩ | ৪ | ১ |
| ০৬ | ঢেউখালী | ৭৩৩২ | ১১ | ১ |
| ০৭ | কৃষ্ণপুর | ৯৭৪৫ | ১৪ | ২ |
| ০৮ | নারকেল বাড়িয়া | ২৪৫৯ | ৪ | ১ |
| ০৯ | সদরপুর | ৮২৫৪ | ১২ | ১ |
| | মোট | ৫৪১৬৮ | ৮১ | ৮ |

| ক্রম | উপজেলার নাম | খানা সংখ্যা | সুপারভাইজার | অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|---|
| ০১ | সদরপুর | ৫৪১৬৮ | ৬+১=৭ | ২ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **মনোনীত (Enumerator) বা গণণাকারীদের কর্মএলাকা:** সভায় অতিদুর্গম ও ঝুঁকিপূর্ণ চর/ দ্বীপ এলাকা, নারকেল বাড়িয়া, চরমানাইর ও চরনাছিরপুরের প্রার্থীদের সংশ্লিষ্ট ইউনিয়নে রেখে অবশিষ্ট ০৬ ইউনিয়নের মনোনীত প্রার্থীদের নিজের ইউনিয়ন ব্যতীত পার্শ্ববর্তী ইউনিয়নে খানা জরিপ করার জন্য নিযুক্ত বা ডেপ্লয় করার বিষয়ে আলোচনা হয়। সেক্ষেত্রে চরবিষ্ণুপুর হতে আকোটের চর এবং আকোটের চর হতে চরবিষ্ণুপুর, কৃষ্ণপুর হতে ভাষানচর, একইভাবে ভাষানচর হতে কৃষ্ণপুর, সদরপুর হতে ঢেউখালী এবং ঢেউখালী হতে সদরপুরে মোতায়েনের প্রস্তাব রাখা হয়। | ০২. সভায় দ্বীপ/চর বিশিষ্টদুর্গম নারকেল বাড়িয়া, চরমানাইর ও চরনাছিরপুরের মনোনীত প্রার্থীদের নিজ ইউনিয়নে এবং অন্য ০৬ ইউনিয়নের প্রার্থীদের প্বার্শবর্তী ইউনিইয়নে নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ০২. সংশ্লিষ্ট কমিটি, সদরপুর ফরিদপুর। |
| ০৩. | **জনসচেতনতামূলক লিফলেট, হ্যান্ডবিল, স্টিকার ছাপানো:** ফ্যামিলি কার্ডের জরিপকালীন কোন তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, জনপ্রতিনিধি, বা কোন দালালচক্র যাতে কোনক্রমেই অনৈতিক কোন কর্মকান্ডে লিপ্ত হতে না পারে সেজন্য জনসচেতনতা মূলক লিফলেট হ্যান্ডবিল ও স্টিকার ছাপানোর বিষয়ে সিদ্ধান্ত হয় যাতে প্রত্যেক খানায় জরিপের পরে উক্ত সচেতনতা স্টিকার বাড়ির দেয়ালে টানিয়ে ছবি আনার বিষয়ে তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণে ব্রিফ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। একইভাবে গণণাকারীগণ সচেতনতামূলক এসব হ্যান্ডবিল, লিফলেট স্টিকার প্রচার বা ব্যবহার করছেন কিনা সেটিও জরিপকালে র‍্যান্ডমলি যাচাই করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ০৩. সভায় ফ্যামিলি কার্ড বিষয়ে জনসচেতনতামূলক লিফলেট ও স্টিকার ছাপানো এবং সেগুলো খানা জরিপের সময় প্রত্যেক খানা প্রধানের বাড়িতে প্রচার ও দৃশ্যমান স্থানে লাগানোর জন্য তথ্য সংগ্রহকারীদের নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৩. উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| ০৪. | **(Enumerator) বা গণণাকারীদের কার্যক্রম মনিটরিং:** জরিপকালীন সময়ে গণণাকারীদের মাঠ পর্যায়ের সকল কার্যক্রম সার্বক্ষণিক নজরদারি ও একাধিক স্তরে মনিটরিং ও তথ্যের ভ্যারিফিকেশনে কর্মপরিকল্পনা গ্রহণ করা যায়। | ০৪. মাঠে নিযুক্ত গণণাকারীদের মাঠ পর্যায়ের সকল কার্যক্রম সার্বক্ষণিক নজরদারি ও একাধিক স্তরে মনিটরিং এর সিদ্ধান্ত হয়। | ০৪. সংশ্লিষ্ট কমিটি সদরপুর, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **সামাজিক নিরীক্ষা (Social Audit):**<br>এ উপজেলায় ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ কার্যক্রমে মাঠ পর্যায়ে জরিপ শেষে জরিপকৃত প্রতিটি খানার বিষয়ে উন্মুক্তভাবে সামাজিক নিরীক্ষার মাধ্যমে সকল খানার পরিবার প্রধানের আর্থ-সামাজিক অবস্থা যাচাই করার পরে সফটওয়্যারে প্রাপ্ত ডেটার (প্রক্সি মিন টেস্ট স্কোর PMT Score) এর সাথে প্রকৃত আর্থিক অবস্থা যাচাই-করার বিষয়ে সভায় আলোচনা হয়। সামাজিক অডিট নিশ্চিত সাপেক্ষে ভাতার সুবিধা প্রাপ্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ০৫. খানা জরিপে প্রাপ্ত প্রতিটি পরিবার বা খানার আর্থসামাজিক অবস্থার সাথে সফটওয়্যারে জেনারেটেড (প্রক্সি মিন টেস্ট স্কোর PMT Score) তথ্যাদি সামাজিক নিরীক্ষার মাধ্যমে যাচাইপূর্বক সঠিক নারী পরিবার প্রধানের অনুকূলে আর্থিক সুবিধাদি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৫. সংশ্লিষ্ট কমিটি সদরপুর, ফরিদপুর। |
| ০৬. | **ফ্যামিলি কার্ড (Household Database) তথ্য সংগ্রহ কার্যক্রমে (Enumerator) বা গণণাকারী নিয়োজনে সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক মনোনীত তালিকা অনুমোদন:**<br>ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, সদরপুর সভার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে যে, ২২০ জন তথ্য সংগ্রহকারী ও ৫৬ জন সুপারভাইজার হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে নির্বাচিতদের যেহেতু মাঠপর্যায়ে গিয়ে সরাসরি ট্যাবলেট কম্পিউটারের মাধ্যমে খানার তথ্যাদি/ ডাটা এন্ট্রি সম্পন্ন ও যাচাই করতে হবে সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট বাছাই কমিটি সভার মাধ্যমে অত্র উপজেলায় Kobotoolbox এপসে মাঠ পর্যায়ে খানা জরিপের আদলে একটি জরিপ ফরমে প্রার্থীদের বাংলা/ইংরেজি টাইপিং দক্ষতা, ব্যক্তিগত তথ্যাদি, ফ্যামিলি কার্ড সম্পর্কিত প্রাথমিক জ্ঞান, ডাটার গোপনীয়তা, ডিভাইসের রক্ষণাবেক্ষণ, উপজেলা পরিষদ চত্বরের জিপিএস লোকেশন, ফৌজদারী তথ্যাদি, ইত্যাদি বিষয়ে অঙ্গীকার নামা এবং সর্বশেষ একটি স্বাক্ষর বা ছবি যুক্ত করার দক্ষতা যাচাইয়ে ৫০ (পঞ্চাশ) টি প্রশ্নের একটি ভার্চুয়াল ফরম তৈরি করে সেটির মাধ্যমে কোন-কাগজ কলম বা লিখিত পরীক্ষা ছাড়াই, প্রার্থীদের স্মার্ট ফোনে ব্যবহারিক ডাটা এন্ট্রির দক্ষতা যাচাই করে। সেখানে ফরম পূরণ ও টাইপিং দক্ষতার পাশাপাশি তাঁদের শিক্ষাগত যোগ্যতা এবং মৌখিক প্রশ্নোত্তর পর্বের (পার্ফমেন্স) মূল্যায়ন শিট অনুযায়ী প্রাথমিক অগ্রাধিকার তালিকা মনোনয়নের প্রস্তাব করেন। সেহেতু অদ্যকার সভায় বাছাই কমিটি কর্তৃক মনোনীত প্রার্থীদের তালিকা উপস্থাপন করা হয় এবং কমিটি কর্তৃক মূল্যায়িত প্রার্থীদের তালিকা ইউনিয়ন ভিত্তিক অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তবে অতিরিক্ত বরাদ্দের চাহিদার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রাপ্তি সাপেক্ষে সকল মনোনীত তালিকা একত্রে প্রকাশ করা যেতে পারে, অন্যথায় যদি অতিরিক্ত জনবল কর্তৃপক্ষ অনুমোদন না করেন তবে বিদ্যমান বরাদ্দ অনুসারে অনতিবিলম্বে ফলাফল ওয়েবপোর্টালে সমাজসেবা অফিসের ফরম গ্রহণ রেজিষ্ট্রারের ক্রমিক/রোল অনুসারে প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০৬. ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, সদরপুর আবেদনকারী প্রার্থীদের মধ্যে ব্যবহারিক দক্ষতা, শিক্ষাগত যোগ্যতা ও মৌখিক প্রশ্নোত্তর পর্বের মূল্যায়নের মাধ্যমে যে প্রাথমিক অগ্রাধিকার তালিকা উপস্থাপন করেন কমিটি কর্তৃক মূল্যায়িত প্রার্থীদের তালিকা ইউনিয়ন ভিত্তিক অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তবে অতিরিক্ত বরাদ্দের চাহিদার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রাপ্তি সাপেক্ষে সকল (বিদ্যমান ও অতিরিক্ত) মনোনীত তালিকা একত্রে প্রকাশ করা যেতে পারে, অন্যথায় যদি অতিরিক্ত পাওয়া না গেলে বিদ্যমান বরাদ্দকৃত জনবল অনুসারে অনতিবিলম্বে ফলাফল ওয়েবপোর্টালে সমাজসেবা অফিসের ফরম গ্রহণ রেজিষ্ট্রারের ক্রমিক/রোল অনুসারে প্রকাশের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৬. সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, সদরপুর ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

২৭/৭/২৫

(শরীফ শাওন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি, সদরপুর
ফোন: ০২-৪৭৭-৭৯৮১০০
E-mail: unosadarpur@mopa.govt.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.০০৫.০৬.০০০২.২৬- ৩৩৭

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ফরিদপুর।
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
০৬ । অফিস কপি।

27/07/2026


কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড খানা-তথ্য সংগ্রহ উপজেলা কমিটি, সদরপুর
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd